


প্রকাশ : ২ ডিসেম্বর, ২০১৭ ০২:১৯
আপডেট : ২ ডিসেম্বর, ২০১৭ ০৮:৩৬

অনলাইন
ভার্সন

Share
প্রিন্ট করুন 

ছেলের কবরে শায়িত হবেন আনিসুল হক

| অনলাইন ডেস্ক



ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক বনানী কবরস্থানে ছোট ছেলে শারাফুল হকের কবরে শায়িত হবেন। ঢাকা উত্তর সিটি করপোরেশনের জনসংযোগ কর্মকর্তা এ এস এম মামুন বিষয়টি নিশ্চিত করে জানান, শনিবার নামাজে জানাজা শেষে বনানী কবরস্থানে মেয়রের মা ও শাশুড়ির কবরের পাশে ছোট ছেলের কবরের ওপর আনিসুল হককে দাফন করা হবে।

এর আগে শুক্রবার বাদ জুমা আনিসুল হকের প্রথম জানাজা লন্ডনের রিজেন্ট পার্ক সেন্ট্রাল মসজিদে অনুষ্ঠিত হয়। জানাজায় বিপুলসংখ্যক প্রবাসী বাংলাদেশি, কমিউনিটি নেতৃবৃন্দ, বিভিন্ন রাজনৈতিক দলের নেতাকর্মী ও শুভানুধ্যায়ীরা অংশ নেন। জানাজা শেষে অশ্রুসিক্ত নয়নে তারা আনিসুল হককে বিদায় জানান।

বৃহস্পতিবার বাংলাদেশ সময় রাত ১০টা ২৩ মিনিটে লন্ডনের ওয়েলিংটন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। আগামীকাল শনিবার সকালে তার মরদেহ বাংলাদেশে আনা হবে।

এরপর বিকেল ৩টায় আর্মি স্টেডিয়ামে সর্বস্তরের মানুষ তাকে শ্রদ্ধা জানাবেন। সেখানে বাদ আসর জানাজা শেষে তাকে বনানী কবরস্থানে দাফন করা হবে।



গত ২৯ জুলাই আনিসুল হক ব্যক্তিগত সফরে সপরিবারে লন্ডনে যান। সেখানে অসুস্থ হয়ে পড়লে ১৩ আগস্ট তাকে হাসপাতালে ভর্তি করা হয়।

১৯৫২ সালের ২৭ অক্টোবর নোয়াখালীতে জন্মগ্রহণ করেন আনিসুল হক। শৈশব কেটেছে নানাবাড়ি ফেনী জেলার সোনাগাজীর আমিরাবাদ ইউনিয়নের সোনাপুর গ্রামে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে স্নাতক সম্পন্ন করেন তিনি।

বিডি প্রতিদিন/১২ ডিসেম্বর ২০১৭/আরাফাত